রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৪, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ই পৌষ ১৪০৬ বাং/২৯শে ডিসেম্বর ১৯৯৯ ইং

এস, আর, ও নং ৩৭৭-আইন/৯৯— গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।— এই বিধিমালা কর্মকর্তা ও কর্মচারী (বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৯ ইং নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ।— বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অধিদপ্তর" অর্থ বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর;

(খ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার এবং নির্দিষ্ট কোন পদ বা পদশ্রেণীতে নিয়োগের জন্য সরকারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঙ) "পদ" অর্থ তফসিলে বর্ণিত কোন পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোন পদের জন্য তফসিলে বর্ণিত যোগ্যতা;

(ছ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;



মূল্য ঃ ৬.০০

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণ-কল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য যে কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা অন্য প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

২। কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না যদি তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে যদি তাহার বয়স তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, যদি কোন ব্যক্তি কোন পদে ইতোপূর্বে এডহক ভিত্তিতে নিযুক্ত হইয়া থাকেন, তবে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) আপাততঃ বলবৎ অন্য কোন আইনে ভিন্নরূপ বিধান না থাকিলে, কমিশনের সুপারিশ ব্যতীত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) আপাততঃ বলবৎ অন্য কোন আইনের বিধান অনুসারে যে সকল পদে নিয়োগের জন্য কমিশনের সুপারিশের প্রয়োজন নাই সেই সকল পদে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতীত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন কিংবা বাংলাদেশের নাগরিকত্ব গ্রহণ না করিয়া থাকেন; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতি দিয়া থাকেন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি।—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োগের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে সরাসরি নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরমের মাধ্যমে ও নির্দিষ্ট সময়সীমার মধ্যে দরখাস্ত না করেন;

(খ) সরকারী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত না করেন; এবং

(গ) ফায়ারম্যান, ডুবুরী, নার্সিং এ্যাটেনডেন্ট (পুরুষ), ড্রাইভার, স্টেশন অফিসার, ষ্টাফ অফিসার অথবা উপ-সহকারী পরিচালক পদে নিয়োগের ক্ষেত্রে অবিবাহিত না হন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**— (১) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ৩য় ও ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশ ব্যতীত পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরী-বৃত্তান্ত সন্তোষজনক না হয় এবং তিনি সরকার প্রণীত বিভাগীয় পাঠ্যক্রম অনুসারে পদোন্নতি পরীক্ষায় (যদি থাকে) উত্তীর্ণ না হন, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসী।**— (১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য নির্বাচিত কোন ব্যক্তিকে শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হইবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, উক্তরূপ নিয়োগের তারিখ হইতে দুই বৎসর মেয়াদের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, পদোন্নতির তারিখ হইতে এক বৎসর মেয়াদের জন্য ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ প্রকৃত কারণ লিপিবদ্ধ করতঃ শিক্ষানবিসকাল এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসী মেয়াদে চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ শিক্ষানবিসীর মেয়াদ সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসী মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) সরকার কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনার ভিত্তিতে অনুষ্ঠিত বিভাগীয় পরীক্ষায় এবং বিভাগীয় পাঠ্যক্রম অনুযায়ী প্রশিক্ষণ কোর্সে নিম্নবর্ণিত সময়সীমার মধ্যে উত্তীর্ণ না হইলে কোন শিক্ষানবিসকে চাকুরীতে স্থায়ী করা হইবে না, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে নিয়োগের তারিখ হইতে চার বৎসরের মধ্যে ; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্র উক্তরূপ নিয়োগের তারিখ হইতে তিন বৎসরের মধ্যে ঃ

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা কার্যকর হওয়ার তারিখে যদি এমন কোন শিক্ষানবিস থাকেন যিনি ইতোপূর্বে বিভাগীয় পরীক্ষা বা প্রশিক্ষণ কোর্সে উত্তীর্ণ হন নাই তবে তাঁহাকে এই উপ-বিধিতে উল্লেখিত সময়সীমা অথবা দুই বৎসরের (যাহা পরে ঘটে) মধ্যে উক্ত পরীক্ষা ও প্রশিক্ষণ কোর্সে উত্তীর্ণ হইতে হইবে এবং যে কোন ক্ষেত্রেই একজন শিক্ষানবিস বিভাগীয় পরীক্ষায় অথবা প্রশিক্ষণ কোর্সে উত্তীর্ণ হওয়ার জন্য একাদিক্রমে চারবার সুযোগ লাভ করিবে।

৭। **রহিতকরণ ও হেফাজত**।— (১) The Officers and Employees (Department of Fire Service and Civil Defence) Rules, 1983 এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উল্লেখিত বিধিমালার অধীন গৃহীত ব্যবস্থাসমূহ এইরূপ কার্যকর থাকিবে যেন উহা এই বিধিমালার অধীন গৃহীত হইয়াছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**সফিউর রহমান**
সচিব।

**তফসিল**

| ক্রমিক নং। | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা। | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | মহাপরিচালক | .. | পরিচালকগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ২। | পরিচালক | .. | উপ-পরিচালক এবং অধ্যক্ষ (ট্রেনিং কমপ্লেক্স)-গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩। | উপ-পরিচালক | .. | সহকারী পরিচালক এবং উপাধ্যক্ষ (ট্রেনিং কমপ্লেক্স) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ৪। | অধ্যক্ষ (ট্রেনিং কমপ্লেক্স) | .. | উপাধ্যক্ষ (ট্রেনিং কমপ্লেক্স) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ৫। | সহকারী পরিচালক | .. | সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, উপ-সহকারী পরিচালক, ট্রেনিং কমপ্লেক্স-এর প্রশিক্ষক ও প্রোগ্রাম অর্গানাইজার-কাম-এ্যাডজুটেন্ট, মেকানিক্যাল ট্রান্সপোর্ট অফিসার, সিনিয়র ষ্টাফ অফিসারদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৮ (আট) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬। | উপাধ্যক্ষ (ট্রেনিং কমপ্লেক্স) | .. | সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, উপ-সহকারী পরিচালক, ট্রেনিং কমপ্লেক্স-এর প্রশিক্ষক ও প্রোগ্রাম অর্গানাইজার-কাম-এ্যাডজুটেন্ট, মেকানিক্যাল ট্রান্সপোর্ট অফিসার, সিনিয়র ষ্টাফ অফিসারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৮ (আট) বৎসরের চাকুরী। |
| ৭। | সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী | অনূর্ধ্ব ৩০ বৎসর | ফোরম্যানগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে—<br>ফিডার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রী।<br>(২) গাড়ী রক্ষণাবেক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন এবং গাড়ী চালনার লাইসেন্সপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৮। | উপ-সহকারী পরিচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% ভাগ পদ সিনিয়র স্টেশন অফিসার, সহকারী প্রশিক্ষক (ট্রেনিং কমপ্লেক্স), কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং ষ্টোর অফিসারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৫০% ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে—<br>ফিডার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের শিক্ষাগত যোগ্যতা।<br>(২) শারীরিক যোগ্যতা—<br>উচ্চতা — ৫′-৪″ ন্যূনতম<br>বুক—৩২″ ন্যূনতম<br>ওজন—১১০ পাঃ ন্যূনতম। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯। | প্রশিক্ষক (ট্রেনিং কমপ্লেক্স) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% ভাগ পদ সিনিয়র স্টেশন অফিসার, সহকারী প্রশিক্ষক (ট্রেনিং কমপ্লেক্স), কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং ষ্টোর অফিসারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৫০% ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে—<br>ফিডার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের শিক্ষাগত যোগ্যতা।<br>(২) শারীরিক যোগ্যতা—<br>উচ্চতা — ৫′-৪″ ন্যূনতম<br>বুক—৩২″ ন্যূনতম<br>ওজনঃ ১১০ পাঃ ন্যূনতম। |
| ১০। | প্রোগ্রাম অর্গানাইজার-কাম-এ্যাডজুটেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% ভাগ পদ সিনিয়র স্টেশন অফিসার, সহকারী প্রশিক্ষক (ট্রেনিং কমপ্লেক্স), কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং ষ্টোর অফিসারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৫০% ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে—<br>ফিডার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের শিক্ষাগত যোগ্যতা।<br>(২) শারীরিক যোগ্যতা—<br>উচ্চতা —৫′-৪″ ন্যূনতম<br>বুক—৩২″ ন্যূনতম<br>ওজন—১১০ পাঃ ন্যূনতম। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১। | সিনিয়র স্টাফ অফিসার। | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% ভাগ পদ সিনিয়র স্টেশন অফিসার, সহকারী প্রশিক্ষক (ট্রেনিং কমপ্লেক্স), কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং ষ্টোর অফিসারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে—<br>ফিডার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের যোগ্যতা।<br>(২) শারীরিক যোগ্যতা—<br>উচ্চতা —৫′-৪″ ন্যূনতম<br>বুক—৩২″ ন্যূনতম<br>ওজন—১১০ পাঃ ন্যূনতম। |
| ১২। | মেকানিক্যাল ট্রান্সপোর্ট অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% পদ সিনিয়র স্টেশন অফিসার, সহকারী প্রশিক্ষক (ট্রেনিং কমপ্লেক্স), কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং ষ্টোর অফিসারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে—<br>ফিডার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের শিক্ষাগত যোগ্যতা।<br>(২) শারীরিক যোগ্যতা—<br>উচ্চতা —৫′-৪″ ন্যূনতম<br>বুক—৩২″ ন্যূনতম<br>ওজন—১১০ পাঃ ন্যূনতম। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৩। | হিসাবরক্ষণ কর্মকর্তা | .. | হিসাবরক্ষক এবং হিসাবরক্ষক-কাম-কোষাধ্যক্ষগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ১৪। | প্রশাসনিক কর্মকর্তা | .. | তত্ত্বাবধায়ক এবং সাঁটলিপিকারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৬ (ছয়) বৎসরের চাকুরী। |
| ১৫। | ফোরম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত কোন ইন্সটিটিউট হইতে অটোমোবাইল/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা।<br>(খ) ভারী গাড়ী চালনার বৈধ লাইসেন্সসহ গাড়ী রক্ষণাবেক্ষণ কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৬। | সিনিয়র স্টেশন অফিসার | .. | (ক) ফিজিক্যাল ইন্সট্রাক্টর এবং ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) উপরের (ক) এ বর্ণিতদের মধ্যে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে স্টেশন অফিসার, স্টাফ অফিসার, জুনিয়র প্রশিক্ষক (ট্রেনিং কমপ্লেক্স), মবিলাইজিং অফিসারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিজিক্যাল ইন্সট্রাক্টর পদে অন্যূন ০৩(তিন) বৎসরের চাকুরী। অন্যান্য পদধারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতাসহ অধিদপ্তরে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৭। | সহকারী প্রশিক্ষক (ট্রেনিং কমপ্লেক্স) | .. | (খ) উপরের (ক) এ বর্ণিতদের মধ্যে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে স্টেশন অফিসার, স্টাফ অফিসার, জুনিয়র প্রশিক্ষক (ট্রেনিং কমপ্লেক্স), মবিলাইজিং অফিসারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিজিক্যাল ইন্সট্রাক্টর পদে অন্যূন ০৩(তিন) বৎসরের চাকুরী। অন্যান্য পদধারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতাসহ অধিদপ্তরে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ১৮। | ষ্টোর অফিসার | .. | ঐ | ঐ |
| ১৯। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ) | .. | ঐ | ঐ |
| ২০। | সহকারী যোগাযোগ প্রকৌশলী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% ভাগ পদ ওয়্যারলেস মেকানিকগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৫০% ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ—<br>ফিডার পদে অন্যূন ০৮(আট) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ—<br>স্বীকৃত ইন্সটিটিউট হইতে ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা। |
| ২১। | ড্রাইভার ইন্সট্রাক্টর (ট্রেনিং কমপ্লেক্স) | .. | ড্রাইভারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ১। ফিডার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>২। প্রশিক্ষণদানে সক্ষমসহ অন্যূন এস, এস, সি, পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২২। | ফিজিক্যাল ইন্সট্রাক্টর (ট্রেনিং কমপ্লেক্স) | অনুর্দ্ধ ৩০ বৎসর | (ক) ওয়্যার হাইজ ইন্সপেক্টরগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ—<br>১। অধিদপ্তর ০৭(সাত) বৎসরের চাকুরী।<br>২। শরীরচর্চা বিষয়ে প্রশিক্ষণ দানে সক্ষম।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ—<br>১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীপ্রাপ্ত। ইউনিফরমধারী সরকারী বিভাগে চাকুরীরত উপযুক্ত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।<br>২। শরীরচর্চা বিষয়ে সনদপত্রপ্রাপ্ত।<br>৩। শারীরিক যোগ্যতা ঃ—<br>উচ্চতা ঃ ৫′-৪″ ন্যূনতম<br>বুক ঃ ৩২″ ন্যূনতম<br>ওজন ঃ ১১০ পাঃ ন্যূনতম<br>(গ) ত্রুটিমুক্ত শারীরিক গঠন। |
| ২৩। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর | .. | স্টেশন অফিসার, ষ্টাফ অফিসার, মবিলাইজিং অফিসার এবং জুনিয়র প্রশিক্ষক (ট্রেনিং কমপ্লেক্স) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৩(তিন) বৎসরের চাকুরী। |
| ২৪। | তত্ত্বাবধায়ক | .. | জাতীয় বেতনক্রমের ১৪নং গেডের হিসাবরক্ষক, হিসাবরক্ষক-কাম-ক্যাশিয়ার, উচ্চমান সহকারী, উচ্চমান সহকারী-কাম ক্যাশিয়ার ও পরিসংখ্যান সহকারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৫। | হিসাবরক্ষক | .. | পরিসংখ্যান সহকারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ন্যূনতম ০৩(তিন) বৎসরের চাকুরী। |
| ২৬। | হিসাবরক্ষক-কাম-কোষাধ্যক্ষ | .. | পরিসংখ্যান সহকারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ন্যূনতম ০৩(তিন) বৎসরের চাকুরী। |
| ২৭। | সাঁটলিপিকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা; এবং<br>(খ) প্রতি মিনিটে বাংলা টাইপে ২৫ ও শর্টহ্যান্ডে ৫০ এবং ইংরেজী টাইপে ৩০ ও শর্টহ্যান্ডে ৮০ শব্দের গতি। |
| ২৮। | ড্রাফটসম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন এইচ এস সি পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট হইতে ড্রাফ্‌স্‌ম্যানশীপ সার্টিফিকেট। |
| ২৯। | সাঁট-মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা; এবং<br>(খ) প্রতি মিনিটে বাংলা টাইপে ২৫ ও শর্টহ্যান্ডে ৫০ এবং ইংরেজী টাইপে ৩০ ও শর্টহ্যান্ডে ৮০ শব্দের গতি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩০। | স্টেশন অফিসার (শুধুমাত্র পুরুষ প্রার্থীর জন্য) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ২৫% ভাগ পদ সাব-অফিসার ও ডেমোনষ্ট্রেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৭৫% ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ—<br>১। ফিডার পদে অন্যূন ০৩(তিন) বৎসরের চাকুরী।<br>২। অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা উহার সমতুল্য সনদপত্রধারী হইতে হইবে।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী বা সমমানের শিক্ষাগত যোগ্যতা।<br>২। শারীরিক যোগ্যতা ঃ—<br>উচ্চতা ঃ ৫′-৪″ ন্যূনতম<br>বুক ঃ ৩২″ ন্যূনতম<br>ওজন ঃ ১১০ পাঃ ন্যূনতম<br>(গ) ত্রুটি মুক্ত শারীরিক গঠন। |
| ৩১। | স্টাফ অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ২৫% ভাগ পদ সাব-অফিসার ও ডেমোনষ্ট্রেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৭৫% ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ—<br>১। ফিডার পদে অন্যূন ০৩(তিন) বৎসরের চাকুরী।<br>২। অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা উহার সমতুল্য সনদপত্র ধারী হইতে হইবে।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ—<br>১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী বা সমমানের শিক্ষাগত যোগ্যতা।<br>২। শারীরিক যোগ্যতা ঃ—<br>উচ্চতা ঃ ৫′-৪″ ন্যূনতম<br>বুক ঃ ৩২″ ন্যূনতম<br>ওজন ঃ ১১০ পাঃ ন্যূনতম<br>(গ) ত্রুটিমুক্ত শারীরিক গঠন। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩২। | জুনিয়র প্রশিক্ষক (ট্রেনিং কমপ্লেক্স) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ২৫% ভাগ পদ সাব-অফিসার ও ডেমোনষ্ট্রেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৭৫% ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ—<br>১। ফিডার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী।<br>২। অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা উহার সমতুল্য সনদপত্রধারী হইতে হইবে।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ—<br>১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী বা সমমানের শিক্ষাগত যোগ্যতা<br>২। শারীরিক যোগ্যতা ঃ—<br>উচ্চতা ঃ ৫´-৪´´ ন্যূনতম<br>বুকঃ ৩২´´ ন্যূনতম<br>ওজনঃ ১১০ পাঃ ন্যূনতম<br>(গ) ত্রুটিমুক্ত শারীরিক গঠন। |
| ৩৩। | মবিলাইজিং অফিসার | .. | (ক) সাব-অফিসারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) উপরে 'ক' বর্ণিতদের মধ্য হইতে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে টেলিফোন অপারেটর এবং ওয়্যারলেস অপারেটরগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) সাব-অফিসারদের ক্ষেত্রে —<br>ফিডার পদে ২(দুই) বৎসরের চাকুরীসহ বিভাগে অন্যূন ০৭(সাত) বৎসরের চাকুরী,<br>(খ) টেলিফোন/ওয়্যারলেস অপারেটরদের ক্ষেত্রে—<br>ফিডার পদে ২(দুই) বৎসরের চাকুরীসহ বিভাগে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩৪। | হিসাবরক্ষক-কাম-ক্যাশিয়ার | .. | অফিস সহকারী, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক, ষ্টোরকিপার, ষ্টোর ক্লার্ক বা ষ্টোর সহকারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৫। | হিসাবরক্ষক | | অফিস সহকারী, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক, ষ্টোরকিপার, ষ্টোর ক্লার্ক বা ষ্টোর সহকারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩৬। | উচ্চমান সহকারী-কাম-ক্যাশিয়ার | | ঐ | ফিডার পদে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩৭। | উচ্চমান সহকারী | | ঐ | ফিডার পদে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩৮। | পরিসংখ্যান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, অর্থনীতি, অংক, ভূগোল, সমাজবিজ্ঞান এর যে কোন একটি বিষয়সহ স্নাতক ডিগ্রী বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৩৯। | ধর্মীয় শিক্ষক (ইসলাম) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত কোন বোর্ড হইতে ফাজিল পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা/কোরআনে-হাফেজ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪০। | সাব-অফিসার | - | (ক) টেলিফোন অপারেটর এবং ওয়্যারলেস অপারেটরগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) উপরে 'ক' বর্ণিতদের মধ্য হইতে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে লিডারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) টেলিফোন/ওয়্যারলেস অপারেটরদের ক্ষেত্রে—ফিডার পদে ২ বৎসরের চাকুরী।<br>(খ) লিডারদের ক্ষেত্রে ঃ—<br>ফিডার পদে ০৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৪১। | ডেমোনস্ট্রেটর | - | ঐ | (ক) টেলিফোন/ওয়্যারলেস অপারেটরদের ক্ষেত্রে ঃ—<br>ফিডার পদে ২ বৎসরের চাকুরী।<br>(খ) লিডারদের ক্ষেত্রে—<br>ফিডার পদে ০৫(পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪২। | মাষ্টার ড্রাইভার (মেরিন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে সনদপত্রধারী হইতে হইবে। |
| ৪৩। | ইঞ্জিন ড্রাইভার (মেরিন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে সনদপত্রধারী হইতে হইবে। |
| ৪৪। | স্পীডবোট ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে সনদপত্রধারী হইতে হইবে। |
| ৪৫। | হেড মেকানিক | .. | মেকানিকগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ২(দুই) বৎসরের চাকুরী। |
| ৪৬। | মেকানিক | .. | সহকারী মেকানিকগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ২(দুই) বৎসরের চাকুরী। |
| ৪৭। | সহকারী মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৬০% ভাগ পদ ওয়েল্ডার/ফিটার/টিন স্মীথ/ব্ল্যাকস্মীথ/টার্নার/ওয়ার্কশপ হেলপারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৪০% ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে—<br>১। ফিডার পদে ন্যূনতম ৩(তিন) বৎসরের চাকুরী।<br>২। বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেটধারী হইতে হইবে। |
| ৪৮। | বোরিং মেশিনম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৬০% ভাগ পদ ওয়েল্ডার/ফিটার/টিনস্মীথ/ব্লাকস্মীথ/টার্নার/ওয়ার্কশপ হেলপারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৪০% ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে—<br>১। ফিডার পদে ন্যূনতম ৩(তিন) বৎসরের চাকুরী।<br>২। বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে —<br>১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেটধারী হইতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৯। | লেদ মেশিনম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৬০% ভাগ পদ ওয়েল্ডার/ফিটার/টিনস্মীথ/ ব্লাকস্মীথ/টার্নার/ওয়ার্কশপ হেলপারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৪০% ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে—<br>১। ফিডার পদে ন্যূনতম ৩(তিন) বৎসরের চাকুরী।<br>২। বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ—<br>১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেটধারী হইতে হইবে। |
| ৫০। | মিলিং মেশিনম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৬০% ভাগ পদ ওয়েল্ডার/ফিটার/টিনস্মীথ/ ব্লাকস্মীথ/টার্নার/ওয়ার্কশপ হেলপারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৪০% ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ—<br>১। ফিডার পদে ন্যূনতম ৩(তিন) বৎসরের চাকুরী।<br>২। বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেটধারী হইতে হইবে। |
| ৫১। | মোল্ডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেটধারীসহ সংশ্লিষ্ট কাজে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৫২। | কোচ | - | কার্পেন্টারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৫৩। | বডি বিল্ডার | - | কার্পেন্টারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৫৪। | আরমেচার বাইন্ডার | - | ইলেক্ট্রিশিয়ানগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৫। | সিনেমা অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ডেসপাস রাইডার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে—<br>ফিডার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ সিনেমা অপারেটরের যাবতীয় মেশিন চালনার অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে চলচ্চিত্র প্রজেক্টর (বিশেষভাবে ১৬ এম, এম, প্রজেক্টর) চালনায় লাইসেন্সপ্রাপ্ত। |
| ৫৬। | ওয়্যারলেস মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে কমপক্ষে ২য় বিভাগসহ (বিজ্ঞান বিভাগ) উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫৭। | ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অভিজ্ঞতাসম্পন্ন।<br>(ক) কমপক্ষে ৮ম শ্রেণী পাশ।<br>(খ) ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্সধারী।<br>(গ) শারীরিক যোগ্যতা—<br>উচ্চতা ঃ ৫′-৪″ ন্যূনতম<br>বুক ঃ ৩২″ ন্যূনতম<br>ওজন ঃ ১১০ পাঃ ন্যূনতম<br>(ঘ) ত্রুটিমুক্ত শারীরিক গঠন। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৮। | টেলিফোন অপারেটর | .. | লিডারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | কোন অনুমোদিত শিক্ষাবোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীণ। ফিডার পদে অন্যূন ৫ বৎসরের চাকুরী। |
| ৫৯। | ওয়্যারলেস অপারেটর | .. | লিডারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | কোন অনুমোদিত শিক্ষাবোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। ফিডার্ পদে অন্যূন ৫ বৎসরের চাকুরী। |
| ৬০। | নিম্নমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | The Lower Division Assistant (Ministries/Division & Attached Departments) Recruitment Rules, 1979 অনুযায়ী। | উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৬১। | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | .. | নিম্নমান সহকারী তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন-পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপ্যাচ রাইডার, এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী। | (ক) উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। (খ) প্রতি মিনিটে বাংলা টাইপে ২০ এবং ইংরেজী ৩০ শব্দের গতি। |
| ৬২। | মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। (খ) প্রতি মিনিটে বাংলা টাইপে ২০ এবং ইংরেজী ৩০ শব্দের গতি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬৩। | ষ্টোরকিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং টাইপে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬৪। | ষ্টোর ক্লার্ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং টাইপে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬৫। | ষ্টোর সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং টাইপে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬৬। | লিডার | .. | ফায়ারম্যান, ডুবুরী, নার্সিং এ্যাটেনডেন্টগণের মধ্য হইতে পদোন্নতি মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৬৭। | ইলেক্ট্রিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত টেকনিক্যাল ইন্সষ্টিটিউট হইতে অটো ইলেক্ট্রিশিয়ান এর সার্টিফিকেটধারী। |
| ৬৮। | স্প্রে পেইন্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) পেইন্টারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে—<br>ফিডার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে—<br>কোন স্বীকৃত টেকনিক্যাল ইনষ্টিটিউট হইতে স্প্রে পেইন্টিং-এ সনদপত্রপ্রাপ্ত হইতে হইবে। |
| ৬৯। | ওয়েল্ডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত টেকনিক্যাল ইনষ্টিটিউট হইতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪. | ৫ |
|---|---|---|---|---|
| ৭০। | টার্নার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত টেকনিক্যাল ইনষ্টিটিউট হইতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৭১। | টিনস্মিথ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত টেকনিক্যাল ইনষ্টিটিউট হইতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৭২। | ব্লাকস্মিথ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত টেকনিক্যাল ইনষ্টিটিউট হইতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৭৩। | কার্পেন্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত টেকনিক্যাল ইনষ্টিটিউট হইতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৭৪। | পেইন্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত টেকনিক্যাল ইনষ্টিটিউট হইতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৭৫। | হোজ রিপেয়ারার | .. | সহকারী হোজ রিপেয়ারারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭৬। | ডেসপ্যাচ রাইডার | .. | নিম্নমান সহকারী তথা-মুদ্রাক্ষরিক/প্লেইন পেপার কপিয়ার/ডুপ্লিকেটিং মেশিন অপারেটর/দপ্তরী/ডেসপ্যাচ রাইডার ও এম, এল,এস,এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী। | .. |
| ৭৭। | ফায়ারম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) শারীরিক যোগ্যতা—<br>উচ্চতাঃ ৫′—৪″<br>বুক ঃ ৩২″ ন্যূনতম<br>(গ) শারীরিক গঠন ত্রুটিমুক্ত হইতে হইবে। |
| ৭৮। | ডুবুরী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) শারীরিক যোগ্যতা—<br>উচ্চতাঃ ৫′—৪″<br>বুক ঃ ৩২″ ন্যূনতম<br>(গ) শারীরিক গঠন ত্রুটিমুক্ত হইতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭৯। | নার্সিং এ্যাটেনডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) শারীরিক যোগ্যতা—<br>উচ্চতাঃ ৫′—৪″<br>বুক ঃ ৩২″ ন্যূনতম<br>(গ) শারীরিক গঠন ত্রুটিমুক্ত হইতে হইবে। |
| ৮০। | ওয়ার্কশপ হেলপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরকার অনুমোদিত কোন ভকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার বা কোন অনুমোদিত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ক্ষেত্রে সার্টিফিকেটধারী হইতে হইতে হইবে। |
| ৮১। | পিয়ন | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। |
| ৮২। | এম,এল,এস,এস | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। |
| ৮৩। | সহকারী হোজ রিপেয়ারার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ৮৪। | ওজনদার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। |
| ৮৫। | চৌকিদার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। |
| ৮৬। | নৈশ প্রহরী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮৭। | পাচক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। |
| ৮৮। | মশালচি | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। |
| ৮৯। | মালি | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। |
| ৯০। | নাপিত | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। |
| ৯১। | মুচি | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। |
| ৯২। | ধোপা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। |
| ৯৩। | সুইপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। |
| ৯৪। | ঝাড়ুদার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাশ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**সফিউর রহমান**
সচিব।

মোঃ আবদুল করিম সরকার ( উপ-সচিব ), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।